

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০ শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড প্রদান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জীব বিজ্ঞান অনুষকে ৫০ শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড প্রদান করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী শিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ড. আব্দুল মঈনুদ্দিন মিল্কি প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। ডিন বলেন, ডিনস অ্যাওয়ার্ড আন্তর্জাতিকভাবে শিক্ষার্থীদের জন্য একটি গুরুত্বপূর্ণ অ্যাওয়ার্ড। তাই আজ যারা এ অ্যাওয়ার্ড পেয়েছে তাদেরকে রাতারাতি বিডিং ফেলে অবদান গ্রহণে যোবার প্রমাণ দিতে হবে। সমাজের সব উন্নয়নের সমতা আনতে হবে। দেশকে ভালোবেসে দেশের মানুষের জন্য কাজ করতে হবে।

জীব বিজ্ঞান অনুষকের ডিন অধ্যাপক ড. এমদানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরিন আহমেদ, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সফিদ আকতার হোসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামাল উদ্দিন এবং জীব বিজ্ঞান অনুষকের শিক্ষক-শিক্ষার্থীরা।

প্রসঙ্গত, উচ্চ বিজ্ঞান বিভাগের ১২, প্রাণিবিদ্যা বিভাগের ১৪, প্রাণরসায়ন বিভাগের ৩, মাইক্রো বায়োলজির ১৩, ভেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজির ৩, ফিসারিজের ২, বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলেকিউলার বায়োলজি বিভাগের ৩ জন এবারের ডিনস অ্যাওয়ার্ড পেয়েছেন।